SARANIK

COLLEGE MAGAZINE
2021-2022

KISHORE BHARATI BHAGINI
NIVEDITA COLLEGE (CO-ED)

সারণিক

কিশোর ভারতী ভগিনী নিবেদিতা কলেজ (কো-এড)

বার্ষিক পত্রিকা

২০২১-২০২২

সম্পাদক মণ্ডলী

ড. শিপ্রা ঘোষ

ড. অর্পিতা সেনগুপ্ত সাধু

From The Principal's Desk

It gives me immense pleasure to bring to you the latest edition of our in-house College Magazine "SAARANIK", exclusively meant for whipping out the latent talents of students and staff. The motto of "SAARANIK" is to reach the students, poor in confidence about their capability.

As we showcase the talent of our in-house members - staff, students and faculty-, and unveil the KBBN College magazine for the academic year 2021-22, we celebrate not only our achievements but also our resilience in the face of unprecedented challenges after the Pandemic. This unscrupulous time has presented in front of us various challenges. The Covid - 19 pandemic tested our spirit, yet it also brought out the best in us- innovation, adaptability and a renewed sense of community.

Celebrating the victory of Humanity over the evils of nature we present a collage of talents with ink and paper.

I wish wide publicity of our magazine " SAARANIK"

Thank you all.

Dr. Shib Sankar Sana,

Principal, KBBNC.

পরিচালন সমিতির সভাপতির পক্ষ থেকে

কিশোর ভারতী ভগিনী নিবেদিতা (কো- এডুকেশন) কলেজের পরিচালন সমিতির সভাপতি হিসেবে কলেজের বার্ষিক সাহিত্য পত্রিকা সারণিক-এর প্রকাশের জন্য শুভেচ্ছা জানাই। দুঃসহ মহামারী কালের বাধাবিঘ্ন পেরিয়ে কলেজ খুলেছে, কলেজ ম্যাগাজিন প্রকাশ হচ্ছে , এটা অত্যন্ত আনন্দ ও খুশির কথা।

পত্রিকাটি যাতে আগামীদিনে এই কলেজের ছাত্র-ছাত্রীদের সাহিত্য-প্রতিভা প্রকাশের একটি যথাযোগ্য আধার হয়ে ওঠে , সেটা যেমন সুনিশ্চিত করা আমাদের দায়িত্ব, তেমনি সমাজ-ভাবনামূলক গদ্যচর্চাকে উৎসাহিত করা পত্রিকার সঙ্গে সংশ্লিষ্ট সম্পাদকমণ্ডলীর দায়িত্ব।

পত্রিকার শ্রীবৃদ্ধি কামনা করি।

অভিজিৎ মুখোপাধ্যায়

১৬ই জুন, ২০২২

''মধুজীবনীর নূতন ব্যাখ্যা''

সুদক্ষিণা ঘোষ

শাল্মলী, শাল, তাল, অভ্রভেদী
চূড়াধর; নারিকেল যার স্তনচয়
মাতৃদুগ্ধ-সম রসে তোষে তৃষাতুরে!
গুবাক, চালিতা, জাম সুভ্রমররূপী
ফল যার; ঊর্ধ্বশির তেঁতুল, কাঁঠাল,
যার ফলে স্বর্ণকণা শোভে শত শত
ধনদের গৃহে যেন।...

মধুসূদনের মনোযোগী পাঠকেরা চেনেন, এ বর্ণনা তাঁর প্রথম কাব্য *তিলোত্তমাসম্ভব কাব্য*-এর; ছবিটি যে ও-কাব্যের স্বর্গবর্ণনের এক অনুপম আলেখ্যের টুকরো, সে-ও জানেন তাঁরা। তবে কবির কল্পনার স্বর্গে রোপিত এই গাছপালাগুলির দিকে চেয়ে দেখতে দেখতে কোনো বাঙালি পাঠকের হয়তো আজ মনে হতে পারে— দেবতাবাঞ্ছিত কোনো স্বর্গভূমিই তো গুবাক চালিতা জাম তেঁতুল কাঁঠাল আর তাল-নারিকেলে ঘেরা এ-দেশটি, নাকি, স্বর্গের এ-ছবিখানি ছড়িয়ে আছে বিধর্মী প্রবাসী এক কবির মনের আকাশ ছেয়েই? সাগরদাঁড়ি গ্রাম আর কপোতাক্ষ নদের তীর ছেড়ে কত দূরে আর পৌঁছল তাঁর স্বপ্নসৃজনের মায়া, কত দূরে আর গড়লেন তিনি তাঁর স্বর্গলোকখানি?

অথচ গ্রামবাংলার এই নিসর্গ, এই স্বপ্নভূমি তো নিতান্ত শৈশবেই ছেড়ে গিয়েছিলেন রাজনারায়ণ দত্ত আর জাহ্নবী দেবীর প্রথম পুত্র মধুসূদন— সাগরদাঁড়ি ছেড়ে এসেছিলেন কলকাতায়, গ্রামের পাঠশালা ছেড়ে এসেছিলেন শহর কলকাতার স্কুলে, কয়েক বছরের মধ্যে হিন্দু কলেজ, ক্যাপ্টেন রিচার্ডসন, শেক্সপিয়র, পাশ্চাত্ত্য কবিদের অবিরল সান্নিধ্য, ইংরেজিতে স্বপ্ন দেখার কিংবদন্তী...; আর তার পর, সাগরদাঁড়ি থেকে কলকাতা— জন্মভূমি থেকে প্রয়াণভূমি ঘিরে এই একটি বৃত্তরেখা স্বল্পায়ু জীবনে অতিক্রম করতে করতে পেরিয়ে গিয়েছিলেন মাদ্রাজ, লণ্ডন বা ভার্সাইয়ের মতো দেশি-বিদেশি মহানগরীগুলির সীমারেখা; এক জনমে এমনি কত কতবার জন্ম-জনমান্তর ঘটে গিয়েছিল তাঁর।

মধুসূদনের জীবনখাতার এমনি আঁকাবাঁকা নানান আঁচড় দেখতে দেখতে আজকের অনেক পাঠকেরও হয়তো মনে হয়— বয়স তখনও নেহাতই ছয়-সাত, শুধুমাত্র ফারসি পড়ার জন্য নিজের গ্রাম থেকে অন্য গাঁয়ে নিয়মিত পাড়ি দিত যে-বালকটি, পারিবারিক পরিবেশেও যার ওকালতি, মুন্সেফি কিংবা সেরেস্তাদারি থেকে আরো বাবু অভিধায় উন্নীত হওয়ার স্বপ্নের উত্তরাধিকার; দত্তকুলোদ্ভব কবি শ্রীমধুসূদন হওয়ার স্বপ্নের কাজল এমন করে কে পরাল তার শিশুমনে? কেমন করে তার মন জুড়ে জেগে উঠল কবি হওয়ার এমন দুর্মর এমন অবিকল্প এক স্বপ্ন?

স্বধর্মভোলা স্বদেশছাড়া বেহিসেবি এ-কবির জীবন খুঁড়ে এ-জিজ্ঞাসার উত্তর খুঁজেছেন তাঁর জীবনীকারেরা অনেকেই। যোগীন্দ্রনাথ বসু-র *মাইকেল মধুসূদন দত্তের জীবনচরিত* (১৮৯৩) বা নগেন্দ্রনাথ সোম-এর *মধুস্মৃতি* (১৯১৬) তো বাঙালি পাঠকের বহুকালের চেনা জীবনকথা; কম পরিচিত নয় শশাঙ্কমোহন সেন-এর *মধুসূদন অন্তর্জীবন ও প্রতিভা* (১৯২১), প্রমথনাথ বিশী-র *মাইকেল মধুসূদন* (১৯৪১) বা মোহিতলাল মজুমদারের *কবি শ্রীমধুসূদন* (১৩৫৪ বঙ্গাব্দ)-এর জীবনচরিতের আখ্যানও; অজানা নয়, ১৩৭৭ বঙ্গাব্দে সুরেশচন্দ্র মৈত্র লিখেছেন *মাইকেল মধুসূদন দত্ত জীবন ও সাহিত্য*; বিশ শতক ফুরোবার আগেই সেই পাঠকেরই হাতে এসেছে গোলাম মুরশিদের *আশার ছলনে ভুলি*-র মতো অসামান্য মধুজীবনী (১৯৯৫); একুশ শতকে ক্লিন্টন বি সিলি বা উইলিয়াম রাদিচে *মেঘনাদবধ কাব্য* অনুবাদ করতে বসেও মধুসূদনের জীবনখাতার কিছু কিছু পাতা উল্টে দেখেছেন নতুন ভাবে।

এই সবের মাঝে আর একটি মধুজীবনীর সংবাদ হয়তো তেমন করে জানাই হয়নি বাংলার পাঠকসমাজের অনেকেরই। জানা হয়নি, কেবল একটি অশান্ত আর বিদ্রোহী কবিজীবনের বিশ্লেষণী প্রকাশ নয়, সেই জীবনের ফসলগুলি বিচার করে ১৯৬১ সালেই দেখেছিলেন আর বাঙালি পাঠককে দেখিয়েছিলেন বাণী রায় নামে এক বাঙালিনীও; উনিশ শতকের সেকাল আর একুশ শতকের একালের মাঝে সেতু হয়েই দাঁড়িয়ে আছে *মধুজীবনীর নূতন ব্যাখ্যা* নামে তাঁর বিশ শতকের ষাটের দশকের এ-বইখানি।

২০২৪-এ মাইকেল মধুসূদন দত্তের জন্মের দ্বিশতবর্ষ। দুশো বছরের ওপার থেকে আর একবার নতুনভাবে পড়ে দেখি মধুসূদনের জীবন, বাণী রায়ের হাত ধরে, মধুসূদনের জীবন ও সাহিত্য-বিশ্লেষণ তাঁর *মধুজীবনীর নূতন ব্যাখ্যা*-র পাতা উল্টে।

Rajnarayan Dutt's son never counts money, রাজনারায়ণের পুত্র মুদ্রাগণনা জানে না— নিজের সম্বন্ধে মধুসূদনের এই উক্তির তাৎপর্যে ভর করে মধুসূদনের বেহিসেবি বিদ্রোহী জীবনের ছবিখানি আঁকতে শুরু করেছিলেন বাণী রায়।

খুঁজে দেখেছিলেন আবাল্য সুখলালিত রাজনারায়ণের এই পুত্রটিকেই, যিনি পিতার বিপুল সম্পত্তি পরিদর্শনে বা পরিবর্ধনে বেঁধে রাখেননি নিজেকে, বৃহত্তর জীবনের অভিজ্ঞতার হাতছানিতে 'নিঃসম্বল শিক্ষকের বেশে' মাদ্রাজে অথবা 'দরিদ্র নেটিভ কবিরূপে ফরাসী অনুকম্পার দ্বারে' নিজেকে দাঁড় করিয়ে দুঃখকে চিনেছিলেন জীবনে— চিনেছিলেন 'রাবণের দুঃখ, সীতার দুঃখ, তারার দুঃখ, শর্মিষ্ঠার দুঃখ'। জীবনীকথার পাতায় বাণী রায় লিখেছেন, 'ঐশ্বর্যের ক্রোড়ে এমন দুঃখের অভিজ্ঞতা কবির কখনও হইত না।'

যে সময়ে মধুজীবনী রচনা করেছিলেন বাণী রায়, মধুসূদনের মাদ্রাজপ্রবাসের ছবি তখনও খুব স্পষ্ট ছিল না তাঁর জীবনীকারদের কাছে। কবিজীবনের 'যৌবনমত্ত শ্রেষ্ঠ দিনগুলি' কেটেছে মাদ্রাজেই, অথচ জীবনীকার হিসেবে রহস্যের অস্পষ্ট এক যবনিকাই ছিল বাণী রায়ের সামনে, এই আশাই প্রকাশ করেছিলেন তাই— "মধুসূদনের নূতন কোনো জীবনীকার তাঁহার মান্দ্রাজযাত্রাকে নূতন দৃষ্টিতে দেখিয়া নিঃসন্দেহে আরও গুরুত্ব দিবেন।" সে-আশা অবশ্য পূর্ণ হয়েছে উত্তরকালের পাঠকের, রহস্য যবনিকা গভীরভাবেই ভেদ করেছে গোলাম মুরশিদের সুনিপুণ গবেষণা।

কিন্তু, সেই সব তথ্য, গবেষণার সেই সুযোগ না থাকলেও, বাণী রায়ের বিশ্লেষণ প্রবাসী কবির শ্রেষ্ঠ কাব্যের অনুপ্রেরণার পটভূমিটি খুঁজে নিয়েছে মাদ্রাজেই; মধুসূদনের পাঠককে মনে করিয়ে দিয়েছে, কেন তাঁর শ্রেষ্ঠ কীর্তিটির পটভূমিকায় এই সাগরমেখলা ধরিত্রী— এই যে তাঁর সেই রামায়ণের দেশ! কপোতাক্ষের জল আর সাগরদাঁড়ির সবুজ প্রকৃতির মতোই মায়ের মুখ আর মায়ের মুখে শোনা রামায়ণ-মহাভারতের আবৃত্তির গুঞ্জরণও তো আবাল্য বাসা বেঁধেই ছিল মধুসূদনের মনের গভীরে; আর বাণী রায়ের পর্যবেক্ষণ জানিয়েছে, সেই মানুষই যে 'রামায়ণের স্মৃতিচিহ্নিত পথে রামায়ণের কাহিনি আবার' কুড়িয়ে পেলেন মাদ্রাজপ্রবাসের এই দিনগুলিতে, তার কারণই কলকাতা থেকে মাদ্রাজ আসবার পথটিই 'রামায়ণের দেশ', 'পঞ্চবটী বন, গোদাবরী কূল সমস্তই' পড়ে এর যাত্রাপথেই।

বাণী রায় তাঁর জীবনী-বইটির নাম দিয়েছিলেন— *মধুজীবনীর নূতন ব্যাখ্যা*, আর সত্যি, জীবন ঘিরে সংগৃহীত তথ্যের দরদী ব্যাখ্যা আর বিশ্লেষণই তাঁর এই বইটির সম্পদ। রেভারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের কন্যা দেবকী-র সঙ্গে মধুসূদনের প্রেমের গুঞ্জন, তাঁর *নীলদর্পণ* অনুবাদ এবং সে-কারণে পুলিশ-কোর্টের কর্মী হিসেবে লাঞ্ছনা— এই সব প্রচলিত কিংবদন্তীর অনেকখানিই হয়তো আজ বাতিলই করে দিয়েছে পরবর্তীকালের গবেষণা; কিন্তু তথ্যের ওই পুরোনো ভিত্তির ওপর দাঁড়িয়েই বাণী রায় বুঝে নিতে চেষ্টা করেছিলেন কবিকে, বুঝতে চেয়েছিলেন জীবনচরিতের মাঝে ধরা দেওয়া কবির মুখটিকে।

প্রেমে পড়বার পক্ষে খুব, খুবই অল্প বয়স ছিল তখন দেবকীর, হয়তো একতরফাই ছিল মধুসূদনের আকর্ষণ, অভীষ্ট প্রতিদান তো মেলেইনি তাঁর কাছে— সম্ভাব্যতার সূত্র ধরে এর সবটুকু মেনে নিয়েও খুঁজে নিতে চেয়েছিলেন বাণী রায়— নাবালিকা এক বাঙালিনীকে বিবাহ-সম্ভাবনার দুশ্চিন্তার পাশাপাশি প্রেম আর সমকালীন কাব্য ঘিরে সম্মিলিত frustration-এর কী ভূমিকা ছিল সেদিন তরুণ মধুর জীবনে, খুঁজে নিতে চেয়েছিলেন, মধুসূদনের এত দ্রুত ধর্মত্যাগের পিছনে এই সবটুকুর দায়িত্ব ছিল ঠিক কতখানি।

মধুসূদনের বিস্মৃত পূর্বপুরুষ তাঁর খুল্লপিতামহ মাণিকরাম দত্তকেও স্মরণ করেছিলেন বাণী রায় জীবনকথার 'চরিত্র' শীর্ষক অধ্যায়ে। মনে করিয়ে দিয়েছিলেন— 'পারস্য ভাষায় অতি সুন্দর কবিতা' রচনা করতেন মাণিকরাম, কাব্যের মাধুর্যেই মনোহরণ করেছিলেন মুসলমান প্রভুকন্যার, কিন্তু ধর্মের বাধায় সম্ভব হয়নি সে-প্রেমের প্রতিদান দেওয়া, সন্ন্যাস গ্রহণ করেছিলেন মাণিকরাম। 'বংশধারার প্রভাব' কি তাড়িত করেছিল উত্তরপুরুষকে? জীবনীর পাতায় বাণী রায়ের অনুমান— ধর্মের সংস্কারবশে একদিন প্রেমকে গ্রহণ করতে পারেননি মাণিকরাম, ত্যাগ করেছিলেন সংসার, আর তাঁরই উত্তরপুরুষ মধুসূদন কি ত্যাগ করলেন সমাজ?

শুধু কি মাণিকরামের ভালোবাসার উত্তরাধিকার, নিষ্ঠুরতার পৈতৃক উত্তরাধিকার কতখানি ছায়া ফেলেছে মধুসূদনের চরিত্রের গভীরে, তাও খুঁজেছিলেন বাণী রায়। ভাইয়ের মনোরঞ্জন করতে চেয়ে নিজের অতিপ্রিয় পোষা পাখির ছানাটিকে যিনি কেটে ফেলতে পারেন অনায়াসে, জীবনের এক ভালোবাসার জন্য অন্য ভালোবাসার কণ্ঠে বারে বারে অস্ত্রাঘাত করতেও পারেন তো তিনিই! নিষ্ঠুরতার এই উত্তরাধিকার নিয়েই কি তবে কেবল রেবেকা নয়, চার-চারটি শিশুসন্তানকেও মাদ্রাজে বিসর্জন দিয়ে আসতে পেরেছিলেন মধুসূদন! রাজনারায়ণ দত্তের চরিত্রবিশেষত্ব আর পিতার সঙ্গে পুত্রের সম্পর্কের উচ্চাবচতা, কিংবা, জীবনের গভীরতম দুঃখমুহূর্তগুলি সম্পর্কে মধুসূদনের সম্পূর্ণ নীরব থেকে যাওয়ার আশ্চর্য দক্ষতা, অথবা *আত্মবিলাপ* কবিতায় আশার ছলনে ভোলার সেই খেদ, সেই বিখ্যাত উচ্চারণ—'প্রেমের নিগড় গড়ি পরিলি চরণে সাধে/ কী ফল লভিলি?/ জ্বলন্ত-পাবক-শিখা-লোভে তুই কাল ফাঁদে/ উড়িয়া পড়িলি/পতঙ্গ যে রঙ্গে ধায়, ধাইলি, অবোধ, হায়/ না দেখিলি না শুনিলি, এবে রে পরান কাঁদে' — 'চরিত্র' শীর্ষক অধ্যায়ে এই সমস্ত বিশ্লেষণই ছুঁয়ে যেতে ভুলে যাননি বাণী রায়।

এই সূত্রেই, মধুসূদনের জীবনে রেবেকা আর হেনরিয়েটার (বাণী রায় সবসময়েই যাঁকে উল্লেখ করেছেন আঁরিয়েৎ নামে) ভূমিকার তুলনামূলক একটা বিচারও করেছিলেন বাণী রায়, অনেকখানি মনোযোগ দিয়ে গভীর সংবেদনশীলতায়

মধুজীবনীর পাঠককে মনে করিয়ে দিতে চেয়েছিলেন—দেবকী আর রেবেকার প্রেম প্রেরণা জুগিয়েছে কবি মধুসূদনকে, সাহায্য করেছে তাঁর হয়ে-ওঠায়; এ-দুই প্রেমেই অবশ্য বিচ্ছেদই এসেছে তাঁর জীবনে, কিন্তু কবির 'সতত সঙ্গিনী' আঁরিয়েৎ? আজীবন সহকারবেষ্টিতা লতার মতো পাশেই রয়ে গেছেন যিনি মধুসূদনের, উত্তর খুঁজেছেন বাণী রায়— তিনি কি ততখানিই প্রেরণা হয়ে উঠতে পেরেছেন কবিমানসের?

কবিমানসী আর কবিগৃহিণী— এই দুই ভূমিকাতেই আঁরিয়েতের পারঙ্গমতাকে প্রশ্নই করেছেন বাণী রায়; ব্যক্তিত্বময়ী রেবেকার আত্মসম্মানজ্ঞানের পাশাপাশি বারে বারে ফিরে দেখতে চেয়েছেন মধুসূদনের ওপর আঁরিয়েতের প্রবল নির্ভরতাকে, প্রশ্ন করেছেন তাঁর এই সর্বস্ব-সমর্পণী নির্ভরতাকেই; মধুজীবনীর পাঠককে মনে করিয়ে দিয়েছেন, দুর্যোগে সংসারের হাল ধরার ক্ষমতা ছিল না আঁরিয়েতের, ক্ষমতা ছিল না অবিবেচক অসংযমী অমিতব্যয়ী স্বামীকে বিন্দুমাত্র নিয়ন্ত্রণের, বরং ঋণভারে বিপন্ন মধুসূদনের সিদ্ধান্ত সম্পূর্ণ বিপর্যস্ত করে দিয়ে বিদেশে সন্তানসহ উপস্থিত হয়ে মধুসূদনকে আরো বিপন্ন করে তুলতে দ্বিধা করেননি তিনি; মনে করিয়ে দিতে ভোলেননি বাণী রায়, সংসার পরিচালনায় যেমন অমিতব্যয়ী ছিলেন মধুসূদন, ঠিক তেমনটিই ছিলেন আঁরিয়েৎ-ও।

তবে চরিত্রবিচার নয় কেবল, *মধুজীবনীর নূতন ব্যাখ্যা*-র অসামান্য ঐশ্বর্য এর সাহিত্য বিশ্লেষণ। ইংরেজি ভাষায় বাণী রায়ের অ-সাধারণ পাণ্ডিত্যই মধুসূদনের প্রজ্ঞা, তাঁর মনন, মেধা আর পাশ্চাত্ত্য সাহিত্যপাঠের এই বিপুল ঐশ্বর্যের এক তুলনামূলক বিচারের মুখোমুখি এসে দাঁড়াবার সুযোগ বারে বারে এনে দেয় মধুজীবনীর পাঠককে।

কখনো হোমারের *ইলিয়াড*-এর বিষয়বস্তু আর *মেঘনাদবধ কাব্য*-এর বিষয়বস্তুর সামীপ্য মনে করিয়ে দেয়, উৎস যা-ই হোক, দুই কাব্যই "সমভাবাপন্ন সংগ্রামের উপাখ্যান। 'ইলিয়াডে'র যুদ্ধ মিনালাউস পত্নী হেলেনের পারিস দ্বারা অপহরণ জন্য। মেঘনাদের যুদ্ধ রামের পত্নী সীতার রাবণ দ্বারা অপহরণ জন্য। সমুদ্রসেতু নির্মাণ করিয়া রামচন্দ্র বানর সৈন্য সাহায্যে লঙ্কা আক্রমণ করিলেন। বিভিন্ন রাজন্যদিগকে একত্রিত করিয়া সমুদ্র লঙ্ঘন পূর্বক গ্রীক সৈন্য ট্রয় আক্রমণ করিল। অপহরণ কার্যটি পারিস দ্বারা সম্পন্ন হইলেও তাঁহার ভ্রাতা হেক্তর প্রকৃতপক্ষে ট্রয়ের নায়ক।...'মেঘনাদবধে' অপহরণকারী রাবণের পুত্র মেঘনাদ লঙ্কা যুদ্ধের নায়ক।... 'ইলিয়াডে'র আকিলিস 'মেঘনাদবধে' লক্ষ্মণ, উভয়ের হস্তে যথাক্রমে হেক্তর ও মেঘনাদ নিহত হইলেন।"...

কিংবা, এ দুই কাব্যেই দেবদেবীদের চরিত্রচিত্রণেও উভয় কবির অনায়াস তুলনা করেন বাণী রায়, মনে করিয়ে দেন, 'জুপিটার ও জুনোর তুচ্ছ পারিবারিক কলহের মধ্যে শিব ও দুর্গার পবিত্র মধুর প্রেমের আভাস'টুকুও নেই, মনে করান, জুনো ও পার্বতীর উদ্দেশ্য এক হলেও মধুসূদনের কলমের শালীনতার সৌন্দর্যই 'আমাদের শ্রদ্ধা ও ভক্তির বেদীচ্যুতা' করায় না দেবী পার্বতীকে; কারণ, পাঠককে মনে করিয়ে দিতে চান বাণী রায়— মধুসূদনের দেবতা-পরিকল্পনাই যে 'নগাধিরাজ হিমালয়ের তুঙ্গ শিখরের রহস্য' আর 'বাংলার চিরসঞ্চিত দেবমাহাত্ম্য' দিয়ে গড়া, 'সেখানে গরিমা ও মহত্ত্বস্পর্শে নিয়ন্ত্রিত' তাঁর কল্পনার রং; তাই 'এই দেবতার ছবি বিদেশীয় কাব্যে কোথাও নাই।'

ভার্জিলের নরকদর্শন, দান্তের ইনফার্নোর সঙ্গে *মেঘনাদবধ কাব্য*-এর অষ্টম সর্গের তুলনাও এইরকমই বিস্তারিত উদাহরণ যোগেই করেছেন বাণী রায়, আলোচনা করেছেন টাসো-র কাব্যের সঙ্গে বর্ণনার যোগ নিয়ে, আর অবশ্যই, বাণী রায়ের আলোচনার গভীরতা ছুঁয়ে গেছে মিল্টনের *প্যারাডাইস লস্ট*-এর মহিমা।

কেবল *মেঘনাদবধ কাব্য* নয়, এই জাতীয় বিশ্লেষণাত্মক বিচার করেছেন বাণী রায় মধুসূদনের *চতুর্দশপদী পদাবলী* ঘিরেও। বাণী রায়ের বহুপঠন সম্ভব করেছে এই সংবেদী সুগভীর পাঠের সারল্য আর গাম্ভীর্য। আর এইখানেই মধুসূদনের জীবনকথার প্রচলিত পাঠের চেনা চেহারার থেকে অনেকখানি আলাদা হয়ে গেছে বাণী রায়ের *মধুজীবনীর নূতন ব্যাখ্যা*।

নারীশিক্ষা ও উনিশ শতকের বাঙালি সমাজ

সুতপা মুখোপাধ্যায়

উনিশশতক ভারতবর্ষের সমাজ, রাজনীতিতে এক পরিবর্তনের কাল যে পরিবর্তনে অগ্রণী ভূমিকানিয়েছিলবাঙালিসমাজ। নারীশিক্ষাকেকেন্দ্রকরেউনিশশতকেরসমাজপ্রধানতপরিবর্তনেরপথেপাবাড়িয়েছিল। মেয়েদের লেখাপড়ার প্রতি যেমন সমর্থন গড়ে উঠছিল উনিশ শতকের বাঙালি সমাজে, তেমনই তার বিরোধিতার করার জন্য ছিল আরও বেশি সংখ্যক মানুষ। এপ্রসঙ্গে উল্লেখ করা যায় রামমোহন রায়ের কথাযিনিবলেছিলেন—"স্ত্রীলোকের বুদ্ধির পরীক্ষা কোন কালে লইয়াছেন, যে অনায়াসেই তাহাদিগকে অল্পবুদ্ধি কহেন?"তবে, একথাওঠিকযেসমকালীনবাঙালিসমাজেরাধাকান্তদেবেরমতো রক্ষণশীল গোষ্ঠীর প্রধান থেকে শুরু করে ইয়ং বেঙ্গল দল এবং সংস্কারবাদী বাঙালি সমাজ মেয়েদের লেখাপড়া নিয়ে আগ্রহী হয়ে ওঠে।

উনিশ শতকে মিশনারি সম্প্রদায় এদেশে সংস্কার কাজে উৎসাহিত হয়ে স্ত্রীশিক্ষার প্রতি আগ্রহ দেখায়। অবশ্য তার মধ্যে খ্রিষ্টান ধর্মের মাহাত্ম্য প্রচারের উদ্দেশ্য ছিল অনেকখানি। হিন্দু ধর্মের কুসংস্কারগুলি, বিশেষত মেয়েদের দমিয়ে রাখার বিষয়গুলিকে চিহ্নিত করে ভারতের পশ্চাদগামী সভ্যতার স্বরূপ উন্মোচন জরুরী হয়ে ওঠে ভারতে ব্রিটিশ শাসন প্রতিষ্ঠার পক্ষে যুক্তি দেওয়ার জন্য। ১৮১৯ সালে ফিমেল জুভেনাইল সোসাইটি প্রতিষ্ঠিত হয়। এই সোসাইটি কলকাতায় মেয়েদের জন্য কয়েকটি স্কুল খোলে। এর মধ্যে ব্রিটেন থেকে আসেন মিস মেরি অ্যান কুক। চার্চ মিশনারি সোসাইটির সহযোগিতায় তিনি কলকাতায় আটটি বিদ্যালয় খোলেন মেয়েদের জন্য। খ্রিষ্টান মিশনারিরা কলকাতার বাইরে অন্য জেলাতেও বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এই সব বিদ্যালয়ে প্রধানত সমাজের দরিদ্র শ্রেণির মেয়েরা পড়তে আসে। কিন্তু শিক্ষিত মধ্যবিত্ত পরিবারগুলিতে মেয়েদের বাড়ির বাইরে বেরিয়ে স্কুলে যাওয়ার বিষয়টিতে অনেক বাধা রয়ে যায়। কিন্তু, ধীরে ধীরে একটু একটু করে বাঙালি মননে পরিবর্তন আসতে থাকে।

বাঙালি সমাজের ভিতর থেকেই বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠার আকাঙ্খা প্রকাশ পায়। গোলাম মুর্শেদ তাঁর *Reluctant Debutant* গ্রন্থে জানাচ্ছেন যেবিশ এবং তিরিশের দশকে বাগদি, ব্যাধ, বৈরাগী প্রভৃতি সমাজের নিম্নবর্ণের মেয়েরা এবং বারবনিতাদের মেয়েরা লেখাপড়া শিখত। ভদ্রলোক সমাজের মধ্যে মেয়েদের স্কুলে পাঠানোর বিষয়ে নেতিবাচক মনোভাব ছিল। তিরিশের দশকে ভদ্রলোক সমাজের কয়েকজন তাঁদের বাড়ির মেয়েদের লেখাপড়া শেখানোর কথা ভাবেন। প্রসন্নকুমার ঠাকুর তাঁর বাড়ির মেয়েদের বৈষ্ণবী ও মিশনারিদের সাহায্যে শিক্ষিত করে তোলেন। তাঁর প্রথমা কন্যা সুরসুন্দরী খুবই আগ্রহের সঙ্গে লেখাপড়া শিখেছিলেন অনেকখানি। এমনকি রক্ষণশীল সমাজের প্রতিনিধি রাধাকান্ত দেবও বাড়ির মেয়েদের বিদ্যাশিক্ষার জন্য বাড়িতেই স্কুল স্থাপন করেছিলেন। ১৮৪৭ সালে নবীনকৃষ্ণ মিত্র, প্যারীচরণ সরকার প্রমুখের উদ্যোগে বারাসতে একটি মেয়েদের বিদ্যালয় খোলা হয়। অনেক বাধা আসে এই বিদ্যালয় প্রতিষ্ঠা করতে গিয়ে। তবুও প্রতিষ্ঠা

হয়ে যায় বালিকা বিদ্যালয়। উত্তরপাড়ার জয়কৃষ্ণ মুখোপাধ্যায়ও মেয়েদের জন্য অবৈতনিক স্কুল খোলার প্রস্তাব রাখেন সরকারের কাছে। তবে সরকারের কাছ থেকে কোন সাড়া তিনি পান নি। মেয়েদের স্কুল খোলার এইসব চেষ্টার মাঝেই ১৮৪৮ সালের এপ্রিল মাসে এদেশে এলেন বেথুন সাহেব। মেয়েদের স্কুল খোলার যে প্রবল আগ্রহ তাঁর ছিল, সেখানে পাশে পেলেন অনেক শিক্ষিত বাঙালিকে। তবে বেথুনের এই পদক্ষেপকে সবাই ভালো চোখে নিল না। মেয়েরা যখন বেথুন সাহেবের ক্যালকাটা ফিমেল স্কুলে যেতে শুরু করল তখন স্কুলের গাড়িতে চেপে, তখন তা দেখার জন্য রাস্তায় লোকে ভিড় করত। অশালীন মন্তব্যও উড়ে আসত। মদনমোহন তর্কালঙ্কার যখন তাঁর দুই কন্যা ভুবনমালা ও কুন্দমালাকে ওই স্কুলে পড়তে পাঠালেন তখন অনেকেই সেটা ভাল চোখে দেখে নি। দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়ের দেওয়া জমিতে স্কুলের নিজস্ব বাড়ি তৈরি হল। বিদ্যাসাগরের উপর বেথুন তাঁর স্কুলের বিষয়ে নির্ভর করতে শুরু করলেন। বিদ্যাসাগর স্কুলের সেক্রেটারি নিযুক্ত হন। বিদ্যাসাগর দেশীয় সমাজকে স্ত্রীশিক্ষা সম্বন্ধে সচেতন করার জন্য স্কুলের মেয়েদের যাতায়াতের জন্য নির্দিষ্ট গাড়ির দুপাশে "কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নত" শ্লোকটি লেখার ব্যবস্থা করেন।১৮৫১ সালের সেপ্টেম্বরে স্কুলের নিজস্ব ভবন নির্মাণ সম্পুর্ণ হওয়ার আগেই বেথুন সাহেবের মৃত্যু হয়। বেথুনের মৃত্যু স্কুলকে দুর্দশার মধ্যে *ঠেলে* দেয়। স্কুলের ছাত্রীসংখ্যাও ক্রমে হ্রাস পেতে থাকে। ১৮৫৬ সালে *হিন্দু প্যাট্রিয়ট* পত্রিকা স্ত্রীশিক্ষা প্রসারের সহায়ক এই প্রতিষ্ঠানটির প্রতি শিক্ষিত বাঙালির উদাসীনতা নিয়ে দুঃখ করে। ১৮৬২ সালের বেথুন স্কুলের রিপোর্টে বিদ্যাসাগর কলকাতার শিক্ষিত পরিবারগুলির বাড়ির মেয়েদের পাঠানোর ক্ষেত্রে দ্বিধার উল্লেখ করেন। তবে বেথুন স্কুল বাংলায় মেয়েদের বিদ্যাচর্চার ক্ষেত্রে পথিকৃৎ হয়ে থাকে। অনেকেই মেয়েদের লেখাপড়ার জন্য স্কুল প্রতিষ্ঠায় উদ্যোগী হয়ে ওঠেন। শুধু কলকাতা শহর নয়। বাংলার মফস্বল অঞ্চলেও প্রতিষ্ঠিত হতে থাকে মেয়েদের জন্য বিদ্যালয়। মেয়েদের লেখাপড়ার ক্ষেত্রে সরকারের সাহায্য পাবেন এই বিশ্বাসে বিদ্যাসাগর বিভিন্ন জেলায় বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠায় উদ্যোগী হন। বর্ধমানের জৌগ্রামে তিনি বালিকা বিদ্যালয় খোলেন ১৮৫৭ সালে। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের *সাহিত্য সাধক চরিতমালা*তে উল্লেখ আছে যে ১৮৫৭ সালের নভেম্বর মাস থেকে ১৮৫৮ সালের মে মাসের মধ্যে বিদ্যাসাগর ৩৫টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন। বিদ্যালয়গুলির জন্য মাসে ৮৪৫ টাকা খরচ হত। ছাত্রী সংখ্যা ছিল ১৩০০। হুগলী, বর্ধমান, মেদিনীপুর, নদীয়া জেলার বিভিন্ন অঞ্চলে এই বিদ্যালয়গুলি প্রতিষ্ঠিত হয়। কিন্তু এই কাজে সরকারি সাহায্যের যে আশা বিদ্যাসাগর করেছিলেন তা পাওয়া যায় নি। তিনি ১৮৫৮ সালে ডিরেক্টর অফ পাবলিক ইন্সট্রাকশনকে চিঠি লেখেন যাতে তাঁর হতাশার চিত্রটি স্পষ্ট থাকে। তিনি লেখেন, "হুগলী, বর্ধমান, নদীয়া এবং মেদিনীপুর জেলার অনেকগুলি গ্রামে বালিকা-বিদ্যালয় প্রতিষ্ঠিত করিয়াছিলাম। বিশ্বাস ছিল, সরকার হইতে মঞ্জুরী পাওয়া যাইবে। স্থানীয় অধিবাসীরা স্কুল-গৃহ তৈয়ারি করাইয়া দিলে সরকার খরচ-পত্র চালাইবেন। ভারত-সরকার কিন্তু ঐ সর্ত্তে সাহায্য করিতে নারাজ, কাজেই স্কুলগুলি তুলিয়া দিতে হইবে.....প্রথমে আপনি, অথবা বাংলা সরকার এ বিষয়ে কোনরূপ অমত প্রকাশ করেন নাই; করিলে, এতগুলি বিদ্যালয় খুলিয়া এখন আমাকে এমন বিপদে পড়িতে হয়ত না।" এই চিঠি সরকারের বিভিন্ন মহলে পুনর্বিবেচনার জন্য পাঠানো হয়।

তবে সিপাহি বিদ্রোহ নিয়ে সরকারের নাজেহাল অবস্থার জন্যই হোক বা উদাসীনতার কারণেই হোক বিদ্যাসাগর স্থায়ী সরকারি সাহায্য থেকে বঞ্চিতই থাকলেন। ১৮৬৬ সালে স্ত্রীশিক্ষা প্রসারের উদ্দেশ্যে ভারতে আসেন মেরি কার্পেন্টার। তিনি বিদ্যাসাগরের সঙ্গে পরিচিত হওয়ার ইচ্ছে প্রকাশ করেন। বিদ্যাসাগরের কাজের গুণগ্রাহী হয়ে ওঠেন তিনি। ১৮৬৬ সালের ১৪ই ডিসেম্বর তাঁরা উত্তরপাড়া বালিকা বিদ্যালয় পরিদর্শনে যান। সেখান থেকে ফেরার পথে বিদ্যাসাগর পথ-দুর্ঘটনায় গুরুতর আহত হন। কিন্তু মেয়েদের লেখাপড়ার প্রয়াসে তিনি ভগ্ন স্বাস্থ্য নিয়েও কাজ চালিয়ে যেতে থাকেন।

মেয়েদের উচ্চশিক্ষার অধিকার নিয়ে বাংলার শিক্ষিত গোষ্ঠীর মধ্যে বিতর্ক জারি থাকল ষাটের দশক থেকেই। স্ত্রীশিক্ষা কেমনভাবে দেওয়া হবে তাই নিয়েও মতান্তর দেখা দিল। ব্রাহ্ম সমাজের নেতা কেশব চন্দ্র সেন যিনি মেয়েদের লেখাপড়ার বিষয়ে খুবই উৎসাহী ছিলেন তিনি 'স্ত্রীজনোচিত' শিক্ষার কথা বললেন। ব্রাহ্মসমাজের ভিতরে অনেকেই তাঁর মতকে সমর্থন করলেন। কিন্তু ব্রাহ্মসমাজের অনেকেই আবার এই মতের বিরোধিতা করলেন। দ্বারকানাথ গাঙ্গুলী, দুর্গামোহন দাস, শিবনাথ শাস্ত্রী প্রমুখরা মেয়েদের জন্য জ্ঞানচর্চার দরজা খুলে দেওয়ার পক্ষে কথা বললেন। ১৮৭৩ সালে এঁদের হাত ধরে স্থাপিত হয় হিন্দু মহিলা বিদ্যালয় পরে যার নাম হয় বঙ্গমহিলা বিদ্যালয়।উল্লেখযোগ্য বিষয় হল যে দুর্গামোহন দাসের ভার্যা ব্রহ্মময়ী এই স্কুলটির জন্য মাসে মাসে অর্থ দান করতেন। শিবনাথ শাস্ত্রী তাঁর আত্মজীবনীতে এই স্কুলের জন্য দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়ের অবদান স্মরণ করেছেন যিনি শিক্ষক হিসেবে দিনরাত পরিশ্রমের মধ্যে দিয়ে ছাত্রীদের লেখাপড়ায় অনুপ্রাণিত করেন। সরকারি রিপোর্টেও স্কুলটি প্রশংসিত হয়। কিন্তু আর্থিক সংকট স্কুলটির অগ্রগতি রোধ করতে থাকে। ১৮৭৮ সালে এই স্কুলটি বেথুন স্কুলের সঙ্গে মিশে যায় যা বেথুন স্কুলের অগ্রগতিতে সাহায্য করে, কারণ সরকারি অনুদানের অভাব না থাকলেও বেথুন স্কুলে ছাত্রীর অভাব ছিল। ১৮৭৮ সাল থেকেই মেয়েরা বিভিন্ন পরীক্ষায় বসতে থাকে। কিন্তু স্ত্রীশিক্ষার বিরুদ্ধে সমাজের এক অংশের বিরূপতা জারি থাকে।উনিশ শতকের দ্বিতীয় ভাগে মুসলমান শিক্ষিত সমাজেও মেয়েদের লেখাপড়ার বিষয়টি নিয়ে ভাবা হয়। *বালারঞ্জিকা* পত্রিকার সম্পাদক আবদুর রহিম মেয়েদের লেখাপড়ার সমর্থক ছিলেন। কলকাতা মেডিক্যাল কলেজ থেকে পাশ করা ডাক্তার জাহিরুদ্দিন আহমেদ তাঁর মেয়েকে বেথুন স্কুলে ভর্তি করতে চেয়েছিলেন। কিন্তু স্কুল কর্তৃপক্ষ মেয়েটির ধর্মের কারণে তাকে ভর্তি নিতে অস্বীকার করে। সমকালীন *বামাবোধিনী* পত্রিকা মুসলমান মেয়েদের জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা সরকারের কর্তব্য বলে মন্তব্য করে। মুসলমান শিক্ষিত সমাজও মেয়েদের বিদ্যালয়ের দাবি জানায়। ১৮৯৭ সালে মুসলমান মেয়েদের জন্য কলকাতায় আলাদা বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। তবে মেয়েদের শিক্ষণীয় বিষয় নিয়ে মুসলমান সমাজের মধ্যেও দ্বিধা দেখা যায়। মুসলমানসমাজের মুখপত্র বলে গণ্য হওয়া*মিহির ও সুধাকর* পত্রিকাটি যদিও প্রথমদিকে মুসলমান মেয়েদের জন্য আলাদা স্কুল প্রতিষ্ঠার বিরোধী ছিল, পরবর্তীকালে তার মতামত কিছুটা পালটে নেয় পত্রিকাটি। কিন্তু মেয়েদের লেখাপড়া কেমন হবে সেই বিষয়ে তার বক্তব্য ছিল যে মেয়েদের শিক্ষা হবে এমন যা অন্তঃপুর, সমাজ ও ধর্মের মর্যাদা ক্ষুণ্ণ করবে না

এভাবেও ভাবা যায়: নারীর লিঙ্গ নির্দিষ্ট ভূমিকার সাপেক্ষে একজন দৃষ্টিহীন নারী

"One is not born a woman, but becomes one"(Simone de Beauvoir)

একটি অন্যতম বৈপ্লবিক উক্তি। আমাদের বহু প্রত্যক্ষ ও পরোক্ষ অভিজ্ঞতায়, জ্ঞানে, অর্ধস্ফুট অনুভূতিতে, ইন্টিউশনে, চেতনায় ও বুদ্ধিতে যে সত্যি বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকে, তা যেন আরো একবার সত্য হয়ে মুর্ত হয়ে উঠল। চমক লাগলো। কিন্তু "নারী আমি" র অভ্যন্তরে এই হঠাৎ রশ্মিপাতের প্রাথমিক উচ্ছ্বাস কেটে যাওয়ার পর আত্মবিশ্লেষণের যাত্রা পথে হঠাৎ হোঁচট খেলাম " দৃষ্টিহীন নারী আমি"-র সীমানায় প্রবেশ দ্বারে এসে। "[B]ut becomes one " অর্থাৎ সে হয়ে ওঠে। এই হয়ে ওঠার আড়ালে লুকিয়ে থাকে করে তোলার ব্যঞ্জনা আর এক্ষেত্রে কর্তৃভূমিকা পালন করে সামাজিক মূল্যবোধ। গোল বাঁধলো এখানেই, আবিষ্কার করলাম নারী হিসেবে আমার দৃষ্টিহীনতা আমাকে বিশ্বজনীন নারীবাদের চেয়ে এক অন্য সমতলে এনে দাঁড় করিয়েছে।

নারী মুক্তি আন্দোলনের প্রথম কথাই হল "gendered identity"-র গন্ডি থেকে বেরিয়ে এসে তার পূর্ণ মানব সত্তার বিকাশ ও প্রকাশ। অতএব এই অভিযান একটি সংকীর্ণ সীমাবদ্ধতা থেকে এক মুক্ত অঙ্গন অভিমুখে। কিন্তু এই প্রাচীরবেষ্টিত ক্ষুদ্র অচলায়তনের পশ্চাতে রয়েছে আরও একটি সমাজভূমি যেখানে অবস্থিতি কিছু অন্যরকম মানুষের : তাদের ওই আবদ্ধ ক্ষেত্রে প্রবেশের নেই অধিকার আর তাই নেই সমমর্যাদার মুক্ত অঙ্গনে উত্তরণের সুযোগও। কারণ তার পথ গেছে ওই ক্ষুদ্রায়তনের মধ্যে দিয়েই। উপমার উহ্যতার আড়াল থেকে ফিরে আসি বক্তব্যে। সমাজ নারী ও পুরুষের জন্য ভিন্ন ভিন্ন "gender role" সুনির্দিষ্ট করেছে এবং তা করেছে ক্রমচ্চস্তরবিন্যাসের ভিত্তিতেই - এই বিধি অনুযায়ী পুরুষরা আসীন উচ্চ আসনে আর নারীরা কখনো দেবী হয়ে, কখনো দাসী হয়ে, এবং আরো অজস্র ভূমিকায় অবতীর্ণ হয়ে চলে পুরুষের প্রয়োজন মেটাতেই।

বিভিন্নতাকে অস্বীকার না করেও সমতার ভিত্তিতে নারীর পূর্ণ মানবিক অধিকার অর্জনের আন্দোলন চলেছে আজও। অদ্ভুতভাবে অবশ্য একজন দৃষ্টিহীন নারীর ক্ষেত্রে তার সুনির্দিষ্ট ভূমিকার শৃঙ্খল বেশ শিথিল। আসলে তার মুক্তিতেই লুকিয়ে আছে তার দৈন্য। একজন "স্বাভাবিক" নারীর যে আংশিক মনুষ্যত্ব স্বীকৃত, সেটুকু থেকেও বঞ্চিত এই "অস্বাভাবিক" নারীরা - আর তাই "স্বাভাবিক" নারীর ভূমিকায় অবতীর্ণ হতে অপারক এই প্রান্তিক প্রান্তবাসীনীরা।

গতানুগতিকভাবে আমাদের সমাজে একজন পুরুষের পরিচয় উপার্জনকারী, ভারবহনকারী, রক্ষাকারী এবং সর্বোপরি প্রভুত্বকারী হিসেবে। সামাজিক পরিকাঠামোর যখন একজন প্রতিবন্ধী পুরুষের এই ভূমিকা পালনের অন্তরায় হয়ে দাঁড়ায় তখন ঘটে তার effeminization. অপরপক্ষে একজন প্রতিবন্ধী নারীকে প্রতিপালনকারী এবং পরিষেবা প্রদানকারী হিসেবে অযোগ্য বিবেচনা করা হয়। আর তাকেও করা হয় তার ভূমিকা থেকে বিচ্যুত। বয়োপ্রাপ্তির পূর্বে তাদের জন্য সমাজ এবং পরিবারের ইনভেস্টমেন্ট কোন ভবিষ্যৎ রিটার্নের নিশ্চয়তা দেয় না; বার্ধক্যে তাদের রক্ষণাবেক্ষণের ব্যবস্থার উৎস হয় দয়া, কোন রিটার্নের দায়বদ্ধতা নয়। আর প্রাপ্তবয়স্ক হিসেবে ও কর্মজীবনে তাদের কোন অবদান বা প্রতিদানের ভরসা না করায় সমাজ তার লিঙ্গভিত্তিক শ্রমবিভাজনে থাকে অনাগ্রহী এবং দিশাহীন।

তবে নারীবাদের সুসংহত দিক নির্ণয়কারী তত্ত্বগুলি যে একজন দৃষ্টিহীন নারীর জীবন প্রেক্ষিতকে বিশ্লেষণ করতে অপ্রাসঙ্গিক এমনটা মোটেও নয়। বরং এই দুই প্রান্তিকতার তাত্ত্বিক মেলবন্ধন একে অপরকে অনেক বেশি বাস্তবধর্মী ও বিশ্লেষণাত্মক করে তুলেছে।

নাট্যকার মহেশ দত্তানি তাঁর " Dance Like a Man" নাটকে একদা মন্তব্য করেছিলেন "A woman in a man's world may be considered as being progressive. But a man in a woman's world is pathetic."অপেক্ষাকৃত অস্বচ্ছল এবং রক্ষণশীল পরিবারগুলিতে একজন দৃষ্টিহীন নারী তার অর্জিত অভিযোজন ক্ষমতা,ঝুঁকি এবং বহু অন্তরায়কে সঙ্গী করে তাঁর সুনির্দিষ্ট ভূমিকা পালন করলেও তার "gender role" পায় না উপযুক্ত স্বীকৃতি। বিবাহিত অথবা অবিবাহিত দুই অবস্থাতেই তার কন্ট্রিবিউশনের তুলনায় তার অপারকতার মিথটি প্রাধান্য পায় । অপরপক্ষে, স্বচ্ছল এবং আধুনিক মনস্ক পরিবারগুলিতে মেয়েটি পায় শিক্ষার সুযোগ এবং

কর্মজীবনে অর্থাৎ উপার্জনক্ষম কর্মজীবনে প্রবেশের অধিকার ও সাহচর্য। আর তার বাড়তি পাওনা মাত্রাতিরিক্ত বাহবা এবং সবিশেষ প্রশংসা যার উৎস তার সাফল্যের "abnormality" তার সংগ্রাম অবশ্যই অভিনন্দনযোগ্য কারণ সমগ্র সমাজ এবং রাষ্ট্রের পরিকাঠামো তার বিশেষ চাহিদার কথা মনে রাখেনা এবং যখন আর পাঁচজন স্বাভাবিক মানুষের ক্ষেত্রে এই পরিকাঠামো ও পরিবেশ তাদের প্রতিভা বিকাশের সহায়ক হয়ে ওঠে, তার পক্ষে এটি পদে পদে অনবরত সৃষ্টি করে বাধা। কিন্তু তার এই সফলতার আশাতীত তকমাটির রয়েছে গভীরতর তাৎপর্য : তাকে উপস্থাপন করা হয় বিরলতার নিদর্শন হিসেবে। এবং যেহেতু তা ' সবিশেষ ', অর্থাৎ সর্বজনের পক্ষে অধরা তাই সামাজিক পরিকাঠামোর পরিবর্তন করে তার সমগোত্রীয় মানুষদেরকেও এই সফলতা এনে দেবার দায় সমাজ অস্বীকার করে অথবা তাকে উদাহরণ হিসেবে পেশ করে সমাজ প্রমাণ করতে চায় যে প্রচলিত পরিকাঠামো প্রকৃত প্রতিভাশালীর প্রতিভার বিকাশের পক্ষে পর্যাপ্ত। তখন সমাজ তাকে তার সমগোত্রীয় মানুষের থেকে বিচ্ছিন্ন করে নেয় কিন্তু মূল স্রোতে তার জন্য সংরক্ষিত থাকে একটি বিশেষ আসন, তাকে পাঁচজনের একজন বা অন্যতম হতে দেয় না, করে রাখে "unique individual" । তাকে তখন একাধারে লড়তে হয় এই "unfriendly infrastructure"- এর বাধাগুলি অতিক্রম করে নিজেদের যোগ্যতা প্রমাণ করতে, তাদের জন্য উপযুক্ত পরিকাঠামো পরিবর্তনের দাবি আদায় করতে এবং তার স্বাভাবিকতা বা সার্বজনীনতাকে প্রতিষ্ঠা করতে।

"Public sphere" - এ একজন দৃষ্টিহীন নারী যত সহজে গ্রহণীয় হয়ে ওঠে, private domain এ সেই কিন্তু একটি অন্য গ্রহের জীব হিসেবে অধিকাংশ ক্ষেত্রে পরিগণিত হয়। তার এই দ্বৈত এবং দ্বিধাবিভক্ত অস্তিত্বের ব্যপক প্রতিফলন ঘটে তার লিঙ্গ নির্দিষ্ট পরিচয়ের ক্ষেত্রে। পেশাগত ক্ষেত্রে সে যেহেতু একটি সমষ্টিগত দায়বদ্ধতার ক্ষুদ্র অংশের জন্যই দায়ী থাকে, তাই সমাজ তার কল্পিত অপারকতা উপেক্ষা করবার ঔদার্য দেখায় বা দেখাতে পারে । কিন্তু ব্যক্তিগত স্তরের এবং পারিবারিক পরিধিতে যেহেতু দায়িত্বের এই বিভাজন সম্ভব হয় না তাই তার সক্ষমতার উপর নির্ভর করতে পরিবার এবং সমাজ থাকে দ্বিধান্বিত। গৃহের পরিধিতে একজন নারীর জন্য সুনির্দিষ্ট ভূমিকায় একজন দৃষ্টিহীন নারী কতদূর সাফল্যের সঙ্গে অবতীর্ণ হতে পারবে তা নিয়ে থেকে যায় অবিশ্বাস ও অনাস্থা। একজন দৃষ্টিহীন তথা প্রতিবন্ধী মানুষকে বিবাহ সূত্রে আবদ্ধ করতে সমাজের স্বাভাবিক অনীহা সম্পর্কে বিভিন্ন গবেষণা ও পরিসংখ্যানে যে তথ্য উঠে আসে তার পিছনে রয়েছে এই ধারণা। তবে একজন উপার্জনোক্ষম দৃষ্টিহীন পুরুষ যখন তার অন্য কিছু বিষয়ে নির্ভরতা সত্ত্বেও তার "gender role" পালন করতে সক্ষম হিসেবে বিবেচিত হয়, তখন একজন দৃষ্টিহীন নারীর পক্ষে প্রশ্নচিহ্নটি কিন্তু রয়ে যায় বড় হয়ে।

আমাদের "gendered existence"-এর শিকড় যে কত গভীরে প্রোথিত তার প্রমাণ মেলে কল্পলোকের গল্পকথায় একজন দৃষ্টিহীন নারীর অবস্থিতি থেকেও। আমাদের বাস্তব জীবনে যৌনতার সামাজিকীকরণের মাধ্যম আইন ও ধর্মসংগত বিবাহ এবং আধুনিককালে সম্মতি সূচক যৌন মিলন। এই আকাঙ্ক্ষার অবৈধ রূপটির প্রকাশ ধর্ষনে এবং কোন কোন ক্ষেত্রেই বিবাহ বহির্ভূত যৌন সম্পর্কে। এই বাস্তব আকাঙ্ক্ষাটি প্রতিবিম্বিত ও প্রতিসারিত হয় বিভিন্ন সৃজনশীল শিল্পের যৌনতা কল্পনায় আর সমাজে প্রচলিত বিধি নির্ধারণ করে এই কল্পনা কোন মহান শিল্প সৃষ্টি না পর্নোগ্রাফি মাত্র। আর এও অস্বীকার করা যায় না যে নারীর নারীত্ব তথা তার স্বীকৃত মানবসত্তার অনেকখানি নির্ভর করে পুরুষের কাছে তার যৌন উপযোগিতা ও যৌন আকর্ষনের উপর।

বাংলা সাহিত্যে যে অতি অল্পসংখ্যক প্রতিবন্ধী নারীকে নায়কের মানসী হিসেবে কল্পনা করা হয় তাদের স্বাভাবিক নারীসুলভ আকর্ষণের পরিবর্তে অন্তর্নিহিত দেবিত্ত অথবা ব্যতিক্রমী বিশেষ গুণাবলীর ওপর থাকে অধিকতর গুরুত্ব। রজনীকে ফিরে পেতে হয় তার দৃষ্টি, মালাকে (পদ্মা নদীর মাঝি) হতে হয় ব্যতিক্রমী সুন্দরী তবু শেষ রক্ষা হয় না। অনুরাগ,অনুসন্ধান ইত্যাদি জনপ্রিয় চলচিত্রে প্রতিবন্ধী নায়িকার সার্বিক উপস্থিতি এবং উপস্থাপনা স্বাভাবিক মানবীসুলভ বাস্তবতাকে অতিক্রম করে যায়। সুভা বা শ্যামলীর মতো চরিত্রেরা কোন গভীরতর বোধ ও ব্যঞ্জনার মুর্ত প্রতিক মাত্র। অবশ্য প্রতিবন্ধকতার এই প্রতিকি আবেদন পুরুষ এবং নারী উভয় ক্ষেত্রেই তাকে বিভিন্ন শিল্পে, বিশেষতঃ অঙ্কন ও ভাস্কর্য শিল্পে, একটি জনপ্রিয় বিষয়বস্তু করে তুলেছে যা তথাকথিত স্বাভাবিক মানুষের 'স্বাভাবিকতাকে' উজ্জ্বলতর আলোকে প্রতিভাত করে এবং স্বাভাবিক মানুষের মহত্বকে প্রতিষ্ঠিত করে। ব্যতিক্রম অবশ্যই আছে। এক্ষেত্রে "ব্ল্যাক" সিনেমাটির বৈপ্লবিক

ভাবনা উল্লেখের দাবি রাখে। এই প্রতিস্পরধি কেন্দ্রীয় চরিত্রটির বাস্তব কিন্তু অবিশ্বাস্য সংগ্রাম ও তার সাফল্যকে যথোপযুক্ত ভাবে তুলে ধরার পরেও তার যৌনজীবনের চিত্রায়ন নিঃসন্দেহে পরিচালক সঞ্জয় লীলা বানসালির একটি অতি সাহসী পদক্ষেপ। অথচ প্রচার মাধ্যমগুলি এই চলচ্চিত্রটির আইডিওলজিক্যাল এবং বিভিন্ন নান্দনিক উপস্থাপনা ও পরীক্ষা-নিরীক্ষা নিয়ে প্রশংসায় মুখর হলেও এই একটি বিষয় রক্ষা করে এক অদ্ভুত নীরবতা, "silence". এই নিরবতাই আসলে সমাজের প্রকৃত মনোভাবের নির্ভরযোগ্য দর্পণ।

বারংবার যৌন আকর্ষণ এবং যৌন হেনস্থার কেন্দ্রে উঠে এলেও একজন প্রতিবন্ধী তথা দৃষ্টিহীন নারীর "sexual imaginary" থেকে বহিষ্কার তাকে কৃষ্ণাঙ্গী নারীর প্রতি সমাজ মানুষের দ্বিচারিতার কাছাকাছি এনে দেয়। একজন কৃষ্ণাঙ্গী নারী অহরহ "sex object" হিসেবে প্রজেক্টেড হলেও নায়িকার ভূমিকায় তাদের প্রবেশাধিকার সীমিত, সেখানেই গৌরবর্ণাদেরই জয় জয়কার। অপরপক্ষে একজন প্রতিবন্ধী তথা দৃষ্টিহীন নারীর বিশেষত্ব বা অতিমানবিকত্ব হাইলাইটেড হলেও "sexual aesthetics"-এর পরিধীতে সে রয়ে যায় ব্রাত্য। আসলে উভয় ক্ষেত্রেই এই দুই শ্রেণীর নারীদেরকে "mainstreaming"-এর ব্যাপারে সমাজের জড়তা আজও কাটেনি পুরোপুরি।

LGBTQ গোষ্ঠীর বিবাহের অধিকার আইনসঙ্গত করবার দাবীর পশ্চাতে থাকে তাদের ভিন্ন যৌনতার বৈধতা ও স্বাভাবিকতার স্বীকৃতি আদায়ের আকাঙ্ক্ষা। আপাতদৃষ্টিতে এটিকে একটি পশ্চাদাপসরণকারী পদক্ষেপ মনে হতে পারে কারণ বিবাহ বিষয়টি লিঙ্গ নির্দিষ্ট ভূমিকার ক্রমচ্চ স্তরবিন্যাসের তত্ত্বের ওপরেই দাঁড়িয়ে। এ "Gender"-এর এই "policed domain"-এ প্রবেশের অধিকার অর্জনের এক লড়াই। একই রকম ভাবে একজন দৃষ্টিহীন নারীকে বহির্জগতে এবং কর্মক্ষেত্রে তার যোগ্যতা প্রমাণের পাশাপাশি পারিবারিক ও ব্যক্তিগত জীবনে নারী হিসেবে তার স্বীকৃতি অর্জনের সংগ্রাম চালিয়ে যেতে হয় নিরন্তর। তার এই ভূমিকার কোনো প্রত্যয়িত দলিলের অভাব তার পারঙ্গমতাকে আড়াল করবার অপূর্ব সুযোগ এনে দেয় সুযোগসন্ধানকারীদের

তার মানে এই নয় যে সেই মেয়েটি তার সুনির্দিষ্ট ভূমিকা পালন করে না, কিন্তু তার সক্ষমতা সম্পর্কে প্রচলিত অজ্ঞতা কে পুঁজি করে পারিবারিক রাজনীতির ময়দানে স্বার্থান্বেষীরা তাদের মহত্ব প্রচারে তৎপর হয়। তাই অনেক ক্ষেত্রেই সেই নারীরা তাদের "gender role " কে অস্বীকার করার পরিবর্তে তাকে যথাযথভাবে পালন করে এই ব্যবস্থার প্রতি কোনো বিশেষ আস্থার কারণে নয় বরং তাদের সমকক্ষতা প্রমাণের জন্য।

এই অবস্থায় একজন দৃষ্টিহীন নারীর স্বেচ্ছায় তার "gender role" স্বীকার করে নেওয়া প্রাত্যহিক বাস্তব প্রয়োজন পূরণ করা ছাড়াও হয়ে ওঠে এক রাজনৈতিক বক্তব্য। যুগযুগান্ত ধরে নারীদের জন্য সুনির্দিষ্ট প্রহরাবেষ্টিত এই আবদ্ধ পরিসরে দৃষ্টিহীন নারীদের প্রবেশ একাধারে যেমন তাদের "identity" -কে একটি বিকল্প মাত্রা দান করে তেমনি ওই "rubric" টিকেও "destabilize" করতে সক্ষম হয়। এই লিঙ্গনির্দিষ্ট ভূমিকা অবশ্যই তার লক্ষ্য নয়, তার পথ যা তাকে অতিক্রম করতে হবে পূর্ণ মানুষী হিসেবে নিজের স্বীকৃতি আদায়ের জন্য। "পারিনা (cannot)" বদলে যাবে "করিনা (do not)"-র রেটোরিকে, সে আদায় করে নেবে একটি আইডিওলজিতে বিশ্বাস করা এবং সেই অনুযায়ী তার নিজস্ব কর্মধারা নির্ধারণ করবার এজেন্সি বা কর্তৃত্ব।

ডঃ নীলাঞ্জনা সেন

সহকারী অধ্যাপক (ইংরাজি বিভাগ)

কিশোরে ভারতী ভগিনী নিবেদিতা কলেজ (কো-এড)

মহাকাব্য ও পুরাণের ভিন্ন পাঠ নারীর চোখে

ড.নন্দিনী রায়

অধ্যাপক ----বাংলা বিভাগ

মহাকাব্য মহাভারত ও পুরাণের দেবী দুর্গাকে যেভাবে নবরুপে নব আঙ্গিকে দেখেছেন,নাট্যকার - অভিনেত্রী শাঁওলী মিত্র ও কবি মল্লিকা সেনগুপ্ত। "নাথবতী অনাথবৎ" ও "আমার দুর্গা" রচনাদুটি বেছে নেওয়া হল এই নব আবিষ্কারের স্বরুপ তুলে ধরার জন্য।

।।।।।।।। প্রখ্যাত নাট্যব্যক্তিত্ব শাঁওলী মিত্রের রচনা এবং একক অভিনয়ে সমৃদ্ধ " নাথবতী অনাথবৎ" (১৯৮৩) নাটকটি আবির্ভূত হল মঞ্চে।বাংলা নাট্যজগত আলোড়িত হল তুমুলভাবে। এক নারী মহাভারতের নারীকে দেখলেন সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিকোণ থেকে, যে সম্রাজ্ঞীর সব আছে অথচ কিচ্ছু নেই,তাঁরই এক অনন্য রুপ লক্ষ্য করে সচকিত হয়ে উঠলাম আমরা। একই সঙ্গে দোর্দণ্ডপ্রতাপে দ্রৌপদীসহ মহাভারতের অন্যান্য চরিত্রে অভিনয় করে রাজসভায় উপবিষ্ট বিখ্যাত পুরুষদের মুখোশ খুলে দিলেন তিনি ----

" বাবুমশায়রা,এইরকম এক একটা কাল আসে পৃথিবীতে, যখন এইসব গুণীজনরা সব চুপ করে থাকে,আর যে অত্যাচারিত হয়,সে হয়েই যায়,হয়েই যায়,হয়েই যায়।" তিনি বলতে এলেন এক অভাগিনীর কথা,যে" রানি কিন্তু রানি নয়।সম্রাজ্ঞী কিন্তু সম্রাজ্ঞী নয়।রাজ্যেশ্বরী হয়েও রাজ্যহারা,সব পেয়েও সব্বোহারা এক অভাগিনী মেয়ের কথা।"

।।।।।।। কৃষ্ণবর্ণা- ভ্রমরচক্ষু- পদ্মগন্ধা- দীর্ঘাঙ্গিনী- সুকেশিনী- অপরুপা মেয়ের বিয়ের শর্ত ছিল----

যে ব্যক্তি ঐ বিশাল ধনুতে জ্যা রোপণ করে ঐ আকাশযন্তরের ছিদ্দরের মধ্যে দিয়ে পঞ্চশর লক্ষ্যবস্তুতে মারতে পারবে,তার গলায় মালা দেবে দ্রৌপদী।" কিন্তু শল্যরাজ - শিশুপাল - জরাসন্ধ - জয়দ্রথ ভূমিতে চিৎপাত হয়ে পড়লেন ---- " কারো মটুক গেল ছিটকে। কারো মালা গেল শতচ্ছিন্ন হয়ে। "ধনুক ধরলেন ব্রাম্ভণবেশী অর্জুন, সবার প্রাথমিক ব্যঙ্গবিদ্রূপের পর তাঁর পায়ের গড়ন - আত্মবিশ্বাস - দাঁড়ানোর ভঙ্গি দেখে" সবাই কেমন মোহিত হয়ে গেল।সবচেয়ে মোহিত মশায়রা আমাদের দ্রৌপদী।" দ্রৌপদী হাতছাড়া হয়ে যাচ্ছেন দেখে সমবেত আক্রমণ করলেন ক্ষত্রিয়রা আর দ্রৌপদীর নতুন স্বামী আরেক

বিশাল চেহারার ব্রাহ্মণের সহায়তায় সবাইকে নাস্তানাবুদ করে দিলেন আর দ্রৌপদী পরম বিশ্বাসে - পরম নির্ভরতায় গরীব হবেন জেনেও অজানা পথে বেরিয়ে এলেন স্বামীর হাত ধরে।

।।।।।। যুদ্ধে স্থির যুধিষ্ঠির, স্থিতধী, বুদ্ধিমান, মহাপন্ডিত যুধিষ্ঠিরের মুখোশ এর পরেই খুলে যেতে দেখি আমরা,অতীবসুন্দরী যাজ্ঞসেনীর জীবনযন্ত্রণার প্রধান কারণ যে তিনিই।নির্লজ্জ স্বামী নিজের বিবাহিতা স্ত্রীকেও পাশাখেলায় একদিন পণ রাখবেন, এ ব্যাপার আশা না করার কোনো কারণ ছিল না,কারণ মাতৃ আজ্ঞার ভুল ব্যাখ্যা করে তিনি ভ্রাতৃবধূকে বাসরশয্যায় পেতে ইচ্ছুক হলেন।আর যাঁকে ঘিরে সুন্দরীর স্বপ্ন ঘনিয়েছিল সেই অর্জুন তখন থেকেই মাতা- অগ্রজের আজ্ঞাবহ সুবোধ বালকমাত্র,হয়তো তখন থেকেই বৃহন্নলা।

।।।।।। মা কুন্তী বলেছেন ----" যা এনেছ পাঁচজনে মিলে ভোগ কর বাবা।"ভাইদের মুখ তখন কামনায় উজ্জ্বল। " আদরের দুলালী,তখন হল গে পান্ডবদের সম্পত্তি।"

।।।।। ইন্দ্রপ্রস্থের প্রাসাদে জলে হাবুডুবু দুর্যোধনের পৌরুষে আঘাত লাগল দ্রৌপদীর খিলখিল হাসিতে।কথকের কথায় একটা বোকা - গোঁয়ার ছেলের মত সে এসে বাবাকে বলল, " বাবা। আমি ওদের সঙ্গে যুদ্ধ করব।" ধ্রতরাষ্ট্র প্রথমে রাজি না হলেও মামা শকুনি তাকে পাশা খেলে যুদ্ধে জেতার প্রতিশ্রুতি দিলেন।তাতে সানন্দে রাজি হলেন ধর্মপুত্র এবং নিজেকেসহ সব ভাইদের পাশাখেলা য় হারিয়ে দাসে পরিণত হলেন।তারপর পণ রাখলেন স্ত্রীকে, আর সেই স্ত্রীকে চুলমুঠি ধরে টানতে টানতে সভায় এনে ফেললেন দু:শাসন, দ্রৌপদী তখন একবস্ত্রা- রজস্বলা।তিনি বিচার চাইলেন ভীষ্ম -দ্রোণ - ধৃতরাষ্ট্র - সবার কাছে।একমাত্র প্রতিবাদ করলেন ভীম,বড় দাদার হাত আগুনে পুড়িয়ে দিতে চাইলেন,প্রতিবাদ করল বালক বিকর্ণ আর বিদুর।অবশেষে "শ্যালকুকুরের! প্যাঁচার " অমঙ্গলের ডাক শুনে রাজ্য ধ্বংস হওয়ার ভয়ে একে একে দ্রৌপদীকে সব ফিরিয়ে দিলেন ধৃতরাষ্ট্র, কিন্তু আবার পাশাখেলা আর তারপর কথকের বেদনাভরা উক্তি, " ঐ যে গোড়াতেই বললুম কিনা,সব পেয়েও সর্ব্বোহারা এক মেয়ের কথা বলছি।বলি তেরো বছরের জন্য তাকে গৃহহারা করে দিলে কৌরবেরা।"

।।।।। একবার বাধ্য হয়ে যুধিষ্ঠিরের শয়নকক্ষে ঢুকে পড়ার অপরাধে অর্জুনকে বারো বছরের জন্য ব্রহ্মচর্য নিতে হল,তাই যুধিষ্ঠিরের পর"ভীমের সঙ্গে ঘর করা হল,নকুল,সহদেব--- সবার সঙ্গে ঘর করা হল--- অর্জুনের সঙ্গে ঘর করা হল না।" প্রিয় মানুষ কিন্তু ব্রহ্মচারী থাকেনি----- " বনবাসে তার সঙ্গিনী জুটেছে- উলুপী,চিত্রাঙ্গদা, সুভদ্রা।দ্রৌপদী যার কথা ভেবে ভেবে মরেছে,সে বীভৎস পাশাখেলার দিনে ছিল বাক্যহারা -- " তবু কেন যে লোকটাকে এত ভালোবাসে পাঞ্চালী! "

।।।। দ্রৌপদীর ক্রোধকে ব্যক্তিগত ক্রোধ মনে করে তাকে শান্ত হতে বলেছেন ধর্মপুত্র, কীচকের নীচ কামনায় সাড়া না দেওয়ার অপরাধে সে সৈরিন্ধ্রীরুপী দ্রৌপদীকে ভরা রাজসভায় পদাঘাত করল বিরাটরাজের সামনে,তখনো অপমানিতা পত্নীর কান্না নাটক বলে মনে হয়েছিল যুধিষ্ঠিরের। ততদিনে দ্রৌপদী বুঝেছেন প্রতিকার একজনই করতে পারেন,রন্ধনশালায় পাচকরুপী ভীমের কাছে উপস্থিত হলেন দ্রৌপদী---- পরদিন রাতে নৃত্যশালায় কীচক পরিণত হলেন মাংসপিন্ডে।

।।।। সখা কৃষ্ণকে এক অঙ্গীকার করতে বলেছিলেন দ্রৌপদী,যখন সখাও স্বামীর সুরে সুর মিলিয়ে ক্ষমার কথা বলেছিলেন ---- "তুমি কি এই অঙ্গীকার করতে পারো,যে তাহলে আর কোনো নারী ভবিষ্যতে অনুরুপভাবে লাঞ্ছিতা হবে না?উৎপীড়িতা হবে না?এই ক্ষমায় কি সেই স্বর্গরাজ্য আসবে পৃথিবীতে? বল কৃষ্ণ! "

- আহা বড় আশা ছিল দ্রৌপদীর মনে।

ধর্মরাজ্য প্রতিষ্ঠিত হবে এ ভুবনে।।

কাঙ্ক্ষিত ধর্মযুদ্ধ হল- পান্ডবের জয় হল -- পরিণামে দেখি অপমানে হতাশায় অসম্মানে জীবন কাটিয়ে এক নারী চলেছে তার শেষযাত্রায় -- শ্রান্তিতে - ক্লান্তিতে ধুলায় লুটিয়ে পড়ে নাথবতীর কানে এল ঈর্ষান্বিত যুধিষ্ঠির বলছেন অর্জুনকে বেশি ভালোবাসার অপরাধে তাঁর এই পরিণতি। এসময় মনে পড়ে তিনি অর্জুনকে সবচেয়ে ভালোবেসেছিলেন,কিন্তু অর্জুন ভালোবেসেছিলেন কাকে? সুভদ্রা? উলুপী? চিত্রাঙ্গদা? না দ্রৌপদীকে?

।।।। নাথবতীর মনে আসে এক আশ্চর্য আলোড়ন - একজন তাঁকে সত্যিই ভালোবেসেছিলেন- পাশাখেলার দিন জ্যেষ্ঠর হাত পুড়িয়ে দিতে চেয়েছিলেন তিনি- দুশ্চরিত্রকে পরিণত করেছিলেন মাংসপিন্ডে-বোকা গোঁয়ারকে উরু ভেঙে বধ করেছিলেন-কেশাকর্ষণকারী বস্ত্রহরণকারীর বুক চিরে রক্তপান করেছিলেন আর যম যখন শিয়রে তখন সেই মানুষ বলেছিলেন, " তোমার কি খুব কষ্ট হচ্ছে?" তাই কেবল একটা শেষ ইচ্ছা জাগে তাঁর, " আর জন্মে তুমি কেবল আমার হয়ো ভীম।"

নাট্যকার এবং কথক সম্পূর্ণ বিপরীত মুখী চরিত্রে অভিনয় করতে করতে পৌঁছে দেন সেইখানে যেখানে মহাভারতের নারীর বেদনায় বেদনা মিশে যায় আমাদের অজান্তে।

।।।।। পুরাণের দেবী দুর্গাকে কবি মল্লিকা সেনগুপ্ত দেখেছেন এবং দেখিয়েছেন সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিকোণ থেকে কন্যাশ্লোক কবিতায়।একুশ শতকে মাটির পৃথিবীর প্রতিটি নারীর মধ্যে তাঁকে খুঁজে পেয়ে কবির উক্তি-

হে মহামানবী,তোমাকে সালাম।

।।।।। দুর্গা সোরেন সর্বশিক্ষা অভিযানে বৃত্তি পেয়ে ভর্তি হয় ইংরেজি স্কুলে- অঙ্কের স্যার যোগবিয়োগ শেখানোর অছিলায় তাকে বিরক্ত করতে এলে দুর্গা তার হাতটা দিয়েছে মুচড়ে, তার ইচ্ছে কল্পনা চাওলার মত আকাশে ওড়ার--

মহাকাশচারী হবেই বটেক দুর্গা।

--- দুর্গা কখনো মেধা পাটকর,কখনো তন্বী, কখনো গোলগাল - তাকে দেখা যায় স্কুলঘরে- পথেপ্রান্তরে-

আমার দুর্গা মনিপুর জুড়ে নগ্নমিছিলে হাঁটে।

সে ত্রিশূল ধরেছে স্বর্গে- মর্ত্যে-- কাস্তে হাতে তাকে দেখা যায় আউশ ধানের মাঠে-আমরা দুর্গাকে দেখি-"আন্দোলনে - উগ্রপন্থে-শিক্ষাব্রতে- কর্মযজ্ঞে -আতুড়ঘরে" আবার"অগ্নিপথে- যুদ্ধজয়ে,লিঙ্গসাম্যে-শ্রেণিসাম্যে-দাঙ্গাক্ষেত্রে- কুরুক্ষেত্রে।"

এই অসাধারণ কবিতার শেষে কবির শ্রদ্ধার্ঘ্য--

"মা তুঝে সালাম।"

ART BY SHUBHRA NATH, DEPT. OF ENGLISH

AMNESIA

"Forget about it."
and so I do.
Words float
oh there's such a flu
going around,
I forget to look back and forth
and barely cross the road.

"I just told you about it, didn't I?"
"You have?" but surely
I can't deny I must have
missed it
pressed it
congealed it…
The pudding is lit.
Blankly I stare at the dolls
as I sit
between rolls of paper & missed calls.

"I did tell you about this, remember?"
"Of course, you did!"
But words skid on the shiny floors
of prim cafes and posh bars
gliding to find their way
among blistered souls of prey
waiting
to erase the memory of your blame
but that would be sheer mayhem!

So
let's just
forget about it….

Anindita Mitra

আলোর অসুখ

আলোর থেকে অনেক দূরে
অনেক অনেক অনেক দূরে
একলা হয়ে যাচ্ছি ক্রমে ক্রমে

ভয় পেও না, বলছে না কেউ
প্রতীক্ষাতে থাকছে না কেউ
জ্বালছে না কেউ তীব্র আগুন মোমে।

এমনটা তো চাইনি আমি!
আকাশ ভরা তারার সামিল
চাইছি হতে, সঙ্গ পাওয়ার লোভে -

একলা থাকা কষ্ট বড়ো
কেউ তো আমায় আগলে ধরো
বুকের ভিতর উষ্ণ পরশ - ছোঁবে।

এমন যদি হতেই থাকে
ভাগ্যকে আর কে আটকাবে?
চোখের থেকে হারিয়ে যাবে হাসি!

ভাল্লাগে না অতীত কিছু
কোথায় পাবো নতুন কিছু?
শূণ্যতে ফের, তাই কি ফিরে আসি?

আমার এমন কেমন হলো?
পাপের ঘড়া পূর্ণ ষোলো?
তাই কি এমন দুঃখ নদীর বান?

আর যদি চাই নম্র ক্ষমা
পূণ্য খাতায় সংখ্যা জমা -
পড়বে না কি? ইঙ্গিতে জানান।

একটু ভালো থাকতে চেয়ে
ছায়ার তলে বাঁচতে চেয়ে
এমন অসুখ ধরলো কেমন করে?

অসুখ আমার চোখের কোলে-
বুকের ভিতর প্রবল দোলে
অস্থিরতা - মনখারাপের জোরে।

এমন করেই কাটবে আঠাশ?
অসম্ভব! ওষুধ পাঠাস
পাহাড় থেকে নীলাঞ্জনের হাতে -

দুঃখ পুঁতে মাটির টবে
আবার যেদিন গোলাপ হবে
পুজোয় দেবো, অন্নভোগের সাথে।

-দেবলীনা মুখোপাধ্যায়

কবি সমর সেন

অনির্বাণ দত্ত

কাব্য - (১) কয়েকটি কবিতা (১৯৩৭)

(২.)গ্রহণ (১৯৪০)

(৩) নানাকথা (১৯৪২)

(৪) খোলাচিঠি (১৯৪৩)

(৫) তিনপুরুষ (১৯৪৩)

কলকাতার মধ্যবিত্ত জীবনের নাগরিক ক্লেদ ও ক্লান্তি সমর সেনের কবিতার মুল উপজীব্য । সেই সঙ্গে তাঁর কবিতায় লক্ষ করা গেছে মার্কসবাদী চিন্তার প্রভাব । বুদ্ধদেব বসু সমর সেনর কবিতা বিষয়ে 'কবিতা পত্রিকা' (আষাঢ় ১৩৪৪)সংখ্যায় লিখেছিলেন যে সমর সেন " শহরের কবি " "কলকাতার কবি"। নিজের কবিতায় মধ্যবিত্ত জীবন যন্ত্রণায় পিষ্ট একজন প্রতিনিধি হিসেবে নিজেকে প্রকাশ করেছেন তিনি । তাঁর কবিতায় বিপন্ন নায়ক হিসেবে তিনি দেখেছেন যে, বিশ্বযুদ্ধের সময়কালে জীবন এবং জীবিকার যাঁতাকলে মধ্যবিত্ত মানুষের জীবন পিষ্ট হয়ে গেছে । চারদিকে শুধু নৈতিকতার অবক্ষয় আর যান্ত্রিকতা যেন এই শহরের মধ্যবিত্ত শ্রেণীর জীবন- যাপনকে ক্লান্ত ও বিধ্বস্ত করে দিচ্ছে। তবে এই কথাও ঠিক যে, কোনো কোনো কবিতায় তিনি জীবনের মাধুর্য এবং প্রেমের দিকেও ফিরে তাকিয়েছেন। এই প্রসঙ্গে 'মহুয়ার দেশ' কবিতাটির কথা মনে পড়ে -"অনেক, অনেক দূরে আছে মেঘ-মদির মহুয়ার দেশ, /সমস্তক্ষণ সেখানে পথের দুধারে ছায়া ফেলে/ দেবদারুর দীর্ঘ রহস্য,"/

"আমার ক্লান্তির উপরে ঝরুক মহুয়ার ফুল, নামুক মহুয়ার গন্ধ"।

রাজনৈতিক বিশ্বাসে সমর সেন মার্কসবাদী। রাজনৈতিকভাবে তিনি আশা করেছিলেন যে পৃথিবীর শস্যলোভি পরজীবি পঙ্গপাল যারা,- তাদের সকলের অবস্থা হবে শ্রমিকের হাতুড়িতে পিষ্ট হওয়া পরজীবি পঙ্গপালের মতো- " অপরের শস্যলোভী পরজীবী পঙ্গপাল/ পিষ্ট হবে হাতুড়িতে" । বস্তুত সাধারণ জীবনের সমস্ত ক্ষত লাঞ্ছনাই সমর সেনের কবিতায় সুস্পষ্ট ধরা পড়েছে ।এই প্রসঙ্গে "নষ্টনীড়" কবিতার কথা মনৈ পড়ে। কবিতাটির নামটির সঙ্গে রবীন্দ্রনাথের ছোটগল্প "নষ্টনীড়"-এর সাদৃশ্যও পাঠকের মনে আসে। কিন্তু একথা বলা যায় যে, রবীন্দ্রনাথের জীবনের শেষদশকে বাংলা কাব্যজগতে হমর সেনের আবির্ভাব হলেও রবীন্দ্রনাথের প্রভাব তাঁর কবিতায় একেবারে ছিল না। রোম্যান্টিকতা তাঁর কবিতার মৌল উপাদান নয় । একটি জাতিগোষ্ঠীর উদ্বাস্ত হওয়ার বেদনাই সমর সেনের নষ্টনীড় কবিতায় ধরা পড়েছে। তিনি দেখেছেন মানুষের সহ-

অবস্থান বদলে গেল বিদ্বেষেজন্ম নিল অবিশ্বাস- অসন্তোষ -হিংসা -হত্যা-ধর্ষণ –"নষ্টনীড় পাখি কাঁদে আমাদের গ্রামে/রক্তমাখা হাড় দেখি সাজানো বাগানে।"

